গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মাঃ ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৪.২২- ৪০

তারিখ: ১৮ মাঘ ১৪৩০
৩০ জানুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা এর অনুকূলে "Australian Government Research Training Program Scholarship" এর আওতায় অস্ট্রেলিয়ার Queensland University of Technology (QUT) তে Transportation Engineering এ ৪(চার) বছর মেয়াদী (০৯-০৫-২০১৮ হতে ০৮-০৫-২০২২ পর্যন্ত) পিএইচডি কোর্স এ অংশগ্রহণের জন্য প্রেষণ মঞ্জুর করা হয়। প্রেষণের মেয়াদ শেষে তিনি দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদান করেন নি এবং তাকে দেশে ফেরৎ এসে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হলে তিনি এ বিষয়ে কোন জবাব দাখিল করেন নি। তিনি গত ০৯-০৫-২০২২ তারিখ থেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ১২ (১) বিধি অনুযায়ী সাময়িক বরখাস্ত করা হয়। তার এরূপ আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ২(খ) ও (চ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর আওতাভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে বিভাগীয় মামলা (মামলা নম্বর ১০/২০২২) রুজু করা হয়;

যেহেতু, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর সংশ্লিষ্ট বিধি অনুযায়ী কেন তার বিরুদ্ধে যথোপযুক্ত শাস্তির ব্যবস্থা গ্রহণ করা হবে না এর জবাব লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগতভাবে শুনানীর ইচ্ছা পোষণ করেন কি-না তা-ও লিখিতভাবে জানানোর জন্য বলা হয়। জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ), নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেন নি বা ব্যক্তিগত শুনানীর ইচ্ছা পোষণ করেন নি;

যেহেতু, জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগ তদন্তের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(৩) বিধি মোতাবেক সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপসচিব, জনাব এ এম এম রিজওয়ানুল হক-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা গত ০৬-০৩-২০২৩ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ) এর নিকট অভিযোগনামা, অভিযোগ বিবরণী এবং তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণপূর্বক তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে কেন তাকে গুরুদন্ড প্রদান করা হবে না সে মর্মে একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী দ্বিতীয় কারণ দর্শানো হয়। তাকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জবাব দাখিলের জন্য নির্দেশ প্রদান করা হয়। কিন্তু নির্ধারিত ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে তিনি জবাব দাখিল করেন নি। এ পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, তার নিকট থেকে নির্ধারিত সময়ে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব পাওয়া যায় নি এবং তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ' ও 'পলায়ন'এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং এতদবিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন কর্তৃক জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ড প্রদানের সিদ্ধান্তের সাথে ২৮-১১-২০২৩ তারিখের ৮০.০০.০০০০.১১৩.৩৪.০২৪.২৩-১৯৫ নম্বর স্মারকে একমত পোষণ করে;

অ: পৃ: দ্র:

যেহেতু, জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) অনুযায়ী "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ড আরোপের বিষয়ে সার-সংক্ষেপ মহামান্য রাষ্ট্রপতি সমীপে প্রেরণ করা হলে তিনি সানুগ্রহ অনুমোদন করেন;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(গ) মোতাবেক "চাকুরী হইতে অপসারণ" গুরুদন্ডে দন্ডিত করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ গত ০৯-০৫-২০২২ তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩০.১.২০২৪

(এ বি এম আমিন উল্লাহ নুরী)
সচিব

নম্বর: ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৪.২২- ৪০

তারিখ: ১৭ মাঘ ১৪৩০
৩০ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো)
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. উপসচিব (সওজ গেজেটেড ও সংস্থাপন শাখা) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)
১০. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১১. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)
১২. জনাব মোঃ শফিউল আজম (পরিচিতি নং-৬০১৯৯১), নির্বাহী প্রকৌশলী (সওজ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি

৩০.০১.২০২৪

(মোঃ দেলোয়ার হোসেন)
সহকারী সচিব
ফোন: ৯৫১৩৩৩৪

সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সংমেঃ ই-১/ সংমেঃ ই-২
নথি
ডাইরি নং: ৯৯
তারিখ: ৩১.০১.২৪